

অর্থনীতি

- রূপকল্প ২০২১, প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২১) ও ষষ্ঠ পঞ্চবার্ষিক (২০১১-২০১৫) পরিকল্পনা অনুযায়ী প্রতি অর্থবছর লক্ষ্যভেদী বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিতকরণ।
- বিশ্ব অর্থনীতিতে মন্দা, ইউরোপে মারাত্মক অর্থ সংকট, উন্নত বিশ্বের বাজারগুলোতে চাহিদা হ্রাসসহ নানামুখী নেতিবাচক পরিস্থিতি মোকাবেলা করে বাংলাদেশ গড়ে ৬ দশমিক ৪ শতাংশ প্রবৃদ্ধি অর্জন।
- বার্ষিক উন্নয়ন ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি। ২০০৭-০৮ অর্থবছরে ২২ হাজার ৫০০ কোটি টাকা থেকে ২০১৩-১৪ অর্থবছরে ৬৫ হাজার ৮৭০ কোটি টাকায় উন্নীত। এডিপি বাস্তবায়ন হার ৯৭ শতাংশে উন্নীত।
- রাজস্ব আদায় প্রায় দ্বিগুণ বৃদ্ধি।
- মাথাপিছু আয় ২০০৮ সালে ৬৩০ ডলার থেকে ১০৪৪ ডলারে উন্নীত।
- ৫ কোটির বেশী মানুষ নিম্নবিত্ত থেকে মধ্যবিত্তে উন্নীত। দারিদ্র্যের হার ২০০৫ সালের ৪০ শতাংশ থেকে ২৬ শতাংশে হ্রাস।
- মূল্যস্ফীতি ২০০৮ এর ১৩ শতাংশ থেকে ৭ শতাংশে হ্রাস।
- বৈদেশিক মুদ্রার রিজার্ভ ক্রমবৃদ্ধি। ইতিহাসের সর্বোচ্চ ১৬ দশমিক ২২ বিলিয়ন ডলার রিজার্ভ সৃষ্টি।
- রাজস্ব আদায়ে বার্ষিক গড় প্রবৃদ্ধি প্রায় ২৬ শতাংশ।
- বাজেট ঘাটতি জিডিপি'র ৫ শতাংশের কম।
- ৮ লক্ষ ৭৮ হাজার ৪০১টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ১ লক্ষ ৩৯ হাজার ৫১৯ কোটি টাকা ঋণ বিতরণ। ৩৯ হাজার ২১৩ নারী এসএমই উদ্যোক্তাকে ৫ হাজার ৯৭ কোটি টাকা ঋণ প্রদান।
- ১ হাজার ২১৮টি নতুন ব্যাংক শাখা খোলার অনুমোদন প্রদান। ৩টি নতুন অনিবাসী বাংলাদেশী ব্যাংক এবং ৬টি বাণিজ্যিক ব্যাংক স্থাপনের অনুমোদন প্রদান। ৩৭টি ব্যাংকে পুরোপুরি ও ৪টি ব্যাংকে আংশিক অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালু।
- বিশ্বমানের অটোমেটেড ক্লিয়ারিং হাউস সৃষ্টি।
- ২০১০ সালে দেশের পুঁজিবাজারে সংঘটিত অস্বাভাবিক পরিবর্তনের প্রকৃত কারণ উদঘাটনে গঠিত তদন্ত কমিটির সুপারিশ বাস্তবায়নে স্বল্প ও মধ্য মেয়াদী পদক্ষেপ গ্রহণ।